আমরা জনগণের পক্ষে
বাংলাদেশ প্রতিদিন

আপডেট : ০২ নভেম্বর, ২০২৫ ১৪:৫৯

# ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে ‘গ্লোবাল মিডিয়া অ্যান্ড ইনফরমেশন লিটারেসি’ সপ্তাহ উদযাপন

অনলাইন ডেস্ক

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে ‘গ্লোবাল মিডিয়া অ্যান্ড ইনফরমেশন লিটারেসি’ (Global Media and Information Literacy) সপ্তাহ উদযাপন করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ইনফরমেশন স্টাডিজ বিভাগের উদ্যোগে আয়োজিত এই সপ্তাহব্যাপী কর্মসূচি চলে ২৪ অক্টোবর থেকে ৩১ অক্টোবর পর্যন্ত।

আয়োজনটিতে সহযোগিতা করছে ইউনেস্কো ঢাকা অফিস এবং মিডিয়া অ্যান্ড ইনফরমেশন লিটারেসি নেটওয়ার্ক বাংলাদেশ। কর্মসূচির মধ্যে ছিল র‍্যালি, বিতর্ক প্রতিযোগিতা, কুইজ, সচেতনতামূলক অনুষ্ঠান ও বিশেষজ্ঞ প্যানেল আলোচনা।

গত মঙ্গলবার (২৮ অক্টোবর) অনুষ্ঠিত হয় “Integration of Media and Information Literacy in Higher Education” শীর্ষক প্যানেল আলোচনা। এতে প্রধান অতিথি ছিলেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারপারসন অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন। আলোচনায় অংশ নেন ইউনেস্কো বাংলাদেশের আবাসিক প্রতিনিধি ড. সুসান ভাইজ, ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. শামস রহমান এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. কাজী মোস্তাক গাউসুল হক।

বক্তারা বলেন, বর্তমান ডিজিটাল যুগে মিডিয়া ও তথ্য সাক্ষরতা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এটি মানুষের সমালোচনামূলক চিন্তাভাবনা, প্রযুক্তির নৈতিক ব্যবহার এবং সচেতন নাগরিক হিসেবে গড়ে উঠতে সহায়তা করে। তাঁরা স্থানীয় ও আন্তর্জাতিক পর্যায়ে মিডিয়া ও তথ্য সাক্ষরতা ইকোসিস্টেম শক্তিশালী করতে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধির আহ্বান জানান।

এছাড়া, বিভ্রান্তিমূলক তথ্য (misinformation), ভুল তথ্য (disinformation) ও অসৎ তথ্য (malinformation) মোকাবিলায় অংশগ্রহণকারীদের সমালোচনামূলক চিন্তাশক্তি বিকাশে গুরুত্ব আরোপ করা হয়।

অনুষ্ঠানে শিক্ষক, তথ্য পেশাজীবী এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন।

বিডি প্রতিদিন/হিমেল